

THE 9TH INTERNATIONAL CONFERENCE ON SAFE COMMUNITIES

FEBRUARY 26-28, 2000

Institute of Child and Mother Health
Matuail, Dhaka.

Organized By :



Theme :

SETTING CHILD SAFETY PRIORITY WITHIN A
SAFE COMMUNITY FRAMEWORK



Design & Planning : Dhara Ad.

SAFE COMMUNITIES

Dr. M Q-K Talukder
Director and Professor
Institute of Child and Mother Health
Matuail Dhaka 1362.

The 9th International conference on Safe Communities is being held in the Institute of Child and Mother Health during 26-28 February 2000. Over the last 8 years, Safe Community Conferences have been held annually in different countries namely - Sweden, UK, Norway, Canada, Australia, South Africa, Netherlands, and Austria. Various new themes were addressed in each conference in the past. This is the first time that such a conference is being held in a developing country particularly in the Asia Pacific region.

Concept of Safe Community

In broad terms Safe Community is one where people live in safety and security. Safe Community can be defined in different ways. However, the most appropriate definition is to be given by the people living in the community. The ideas and thoughts of Safe Community professionals based on studies and research are briefly described here. The Safe Community professionals have been working in this field over the last two decades. At the beginning, preventing injuries in a community was regarded as a Safe Community. Gradually other social and health problems have been included in the Safe Community Concept, for example, injuries resulting from international and unintentional events, drowning, fire, poisoning, violence against women and child abuse.

Safety Situational in Bangladesh

Numerous fatalities and injuries take place frequently in our society. All identifiable Safe Community related problems also prevail in our country.

In addition, there are problems peculiar to Bangladesh such as acid throwing, extortion, and poisoning form drinking locally made poisonous liquor. Injury ranks 8th as a cause of death in this country. A recent study highlighted that, in the 1-5 year's age group about one quarter of deaths are

due to injuries, particularly from drowning. Studies have shown that 19.3% deaths of women aged 15 to 24 years were caused by fatal injuries. About half (49.8%) of the surgical beds in a district hospital were occupied by injury patients. Road accident fatalities ex-

pressed in death per 10,000 vehicles are much higher in Bangladesh i.e. 85 deaths per 10,000 vehicle compared with for example Norway, 2 deaths per 10,000 vehicles. From this short description it is clear how grave the situation of safety is in this country.

The 9th international Conference

The 9th International Conference on Safe Community aims to discuss how to apply the research findings to promote the development of Safe Communities. The theme of the conference is "Setting Child Safety Priority Within a safe Community Framework". Other areas of discussion are violence against women, child abuse, road traffic accident, drowning, and work place injuries.

The main objective of the Conference is to develop Safe Community programmes based on scientific analysis. Which will in turn reduce morbidity and mortality from road traffic accident, violence, terrorism, child abuse and drowning.

How to develop Safe Community in Bangladesh

In order to establish a Safe Community, action programmes and their implementation are needed under the commitment of the Government. However strategies for implementation of such action programmes should be based on research outcome of professionals.

In creating awareness among the people. The role of professionals & media are paramount. It is of utmost importance that people in the community should come forward to address the problems and mitigate them through the Government and other agencies.



মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
এবং
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনসিটিউটে ৯ম আন্তর্জাতিক নিরাপদ কমিউনিটি সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। নিরাপদ কমিউনিটি আন্দোলনের ব্রত হচ্ছে সমাজ থেকে হত্যা, আত্মহত্যা, সন্ত্রাস, ধর্ষণ, যান-দুর্ঘটনা, অগ্নিকাণ্ড ইত্যাদি অন্তত ঘটনাকে তিরোহিত করা। সমাজের সবাইকে সম্পৃক্ত করার মাধ্যমেই শুধু এই সব অনাকাঙ্ক্ষিত সমস্যাগুলোকে প্রতিরোধ করা সম্ভব। বাংলাদেশ সরকার নিরাপদ কমিউনিটি প্রতিষ্ঠার মাধ্যমে মানুষের নিরাপত্তা প্রদানে বদ্ধ পরিকর।

আমি বিশ্বাস করি এই সম্মেলন বাংলাদেশে নিরাপদ কমিউনিটি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আমি এই সম্মেলনের সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


মোহাম্মদ নাসিম, এম. পি

মন্ত্রী

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
এবং

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“নিরাপদ সমাজ
শিশু সুরক্ষা সর্বোপরে”



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা
১৪ ফাল্গুন ১৪০৬
২৬ ফেব্রুয়ারি ২০০০

বাণী

বাংলাদেশে প্রথম বারের মতো আন্তর্জাতিক নিরাপদ কমিউনিটি সম্মেলনকে আমি স্বাগত জানাই এবং এর উদ্যোক্তাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

নিরাপদ কমিউনিটি আন্দোলন বিশ্ব মানবতার বন্ধু। পশু ব্যক্তির সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডে স্বাভাবিকভাবে অংশগ্রহণ করতে পারে না এবং দেশ ও জাতির উন্নয়নে বিশেষ কোন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে না। ফলে ইনজুরি বা জখম সমস্যা সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের অন্তরায় হিসেবে চিহ্নিত হয়েছে। জনগণকে শিক্ষিত ও সচেতন করার মাধ্যমে জনগণের এ সমস্যা অনেকটা সমাধানযোগ্য বলে আমি মনে করি। নিরাপদ কমিউনিটি প্রতিষ্ঠার লক্ষ্য জনগণের মাঝে ছড়িয়ে দিতে হবে। নিরাপদ কমিউনিটির ধারণা দেশ ও জাতির স্বার্থকে রক্ষা করে এবং দেশের উন্নয়নে নীতি নির্ধারণের সিন্ধুত্ব গ্রহণেও সাহায্য করে।

আমি এ সম্মেলনের সার্বিক সাফল্য কামনা করি।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ



মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

বাণী

বাংলাদেশে এই প্রথম আন্তর্জাতিক নিরাপদ কমিউনিটি সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। আরোজক শিশু-মাতৃ স্বাস্থ্য ইনসিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ক্যারোলিন্সকা ইনসিটিউট (সুইডেন) এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে আমি অভিনন্দন জানাই।

নিরাপদ কমিউনিটির আওতায় বিভিন্ন সামাজিক ও স্বাস্থ্য সমস্যা চিহ্নিত যেমন-সড়ক ও অন্যান্য যানবাহন দুর্ঘটনা, শিশুদের পানিতে ডুবে মৃত্যু, শিশু ও নারী নির্যাতন, আত্মহত্যা ও সন্ত্রাসজনিত অবক্ষয়। প্রত্যেক সমাজ ও দেশ এসব অনাকাঙ্ক্ষিত সমস্যা থেকে মুক্ত থাকতে চায়।


বর্তমানে সামাজিক ও জাতীয় প্রেক্ষাপটে বাংলাদেশে অনুষ্ঠিতব্য নবম আন্তর্জাতিক নিরাপদ কমিউনিটি সম্মেলন অর্থবছল এবং জনকল্যাণমূলক পদক্ষেপ। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নিরাপদ কমিউনিটি গঠনে সার্বিক সহযোগিতা প্রদান করবে। আমি এ সম্মেলনের সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ ফজলুল করিম সেলিম

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
০২ ফাল্গুন ১৪০৬
২৬ ফেব্রুয়ারি ২০০০

বাণী

বাংলাদেশে প্রথম আন্তর্জাতিক নিরাপদ কমিউনিটি সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। নারী ও শিশু নির্যাতন, সড়ক দুর্ঘটনায় মৃত্যু ও জখম, সন্ত্রাসজনিত ভয়াবহতা এবং পানিতে ডুবে মৃত্যু ইত্যাদি সমস্যা মোকাবিলায় ও কর্মকৌশল নির্ধারণে এ সম্মেলন সহায়ক হবে বলে আমার বিশ্বাস।

সম্মেলন উপস্থিত দেশ-বিদেশ থেকে আগত বিশেষজ্ঞদের মূল্যবান পরামর্শ আমাদের দেশে নিরাপদ কমিউনিটি গঠনে কার্যকর হবে বলে আমি আশাবাদী।

আমি আন্তর্জাতিক নিরাপদ কমিউনিটি সম্মেলনের সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

শেখ হাসিনা

প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



মন্ত্রী
যোগাযোগ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

দেশে দেশে বিভিন্ন দুর্ঘটনাজনিত প্রাণহানী এবং ক্ষয়ক্ষতিতে বিশ্বব্যাপী সকলে গভীরভাবে উদ্বেগ। আমাদের দেশেও প্রতি বছর নানান দুর্ঘটনায় প্রাণহানীর সংখ্যা এবং সম্পদের ক্ষয়ক্ষতির পরিমাণ কম নয়। এক পরিসংখ্যান অনুযায়ী শুধুমাত্র সড়ক দুর্ঘটনায় বাংলাদেশে ক্ষয়ক্ষতির পরিমাণ বাৎসরিক প্রায় ১৫০০ কোটি টাকা। যারা দুর্ঘটনার শিকার, তাদের মধ্যে শিশু-কিশোর, পথচারী, শিল্প ও গার্হস্থ্য শ্রমিক উল্লেখযোগ্য। সর্বস্তরে সচেতনতার অভাব দুর্ঘটনার অন্যতম কারণ। জনমনে দুর্ঘটনার ব্যাপারে সচেতনতা সৃষ্টি, নিরাপত্তার নিয়মাবলী সম্পর্কে শিক্ষিত করা এবং সর্বোপরি এ সকল নিয়মাবলী পালনে উদ্বুদ্ধ করা একান্ত প্রয়োজন। জাতীয় নিরাপত্তা কাউন্সিল গঠন, নিরাপত্তা কর্মপরিকল্পনা গ্রহণ এবং কমিউনিটি রোড সেফটি ইনিসিয়েটিভ প্রজেক্ট গ্রহণ ও বাস্তবায়ন সড়ক দুর্ঘটনা হ্রাসে সহায়ক হবে। জীবনের উজ্জ্বল নিরাপত্তা সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রাথমিক শিক্ষা পাঠ্যক্রমের মাধ্যমে শিশুদের শিক্ষিত করার কর্মসূচী নেয়া হয়েছে। এসব কর্ম-পরিকল্পনার সুষ্ঠু বাস্তবায়ন দুর্ঘটনা হ্রাস করবে বলে আশা করি।

৯ম আন্তর্জাতিক নিরাপদ কমিউনিটি সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আশাবাদী। এ সম্মেলনে আগত দেশ-বিদেশের বিশেষজ্ঞদের মূল্যবান পরামর্শ আমাদের দেশে নিরাপদ কমিউনিটি গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস।

আমি এ সম্মেলনের সার্বিক সাফল্য কামনা করি।

আনোয়ার হোসেন, এম. পি

মন্ত্রী

যোগাযোগ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Courtesy:

SONOLINE PRIMA
DIGITAL ULTRASOUND SYSTEM



Our New Mobile X-Ray Unit
Sets the Standard:
POLYMOBIL III



SIEMENS

Siemens Bangladesh Limited
Jiban Bima Tower (12th Floor)
10, Dilkusha Commercial Area
P.O. Box 33 Dhaka-1000
Tel : 9563734-37, 9558971-2
Fax : 880-2-9563740